

# সোনার বাংলা

# সংকল্প পত্র ২০২১

## এবার মহিলা এবার বিজেপি

- রাজ্য সরকারি চাকরিতে মহিলাদের ৩৩ শতাংশ আসন সংরক্ষণ
- প্রাথমিক থেকে স্নাতকোত্তর (কেজি থেকে পিজি) অবধি সমস্ত মেয়েদের জন্য বিনামূল্যে শিক্ষা
- সমস্ত মহিলাদের বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা প্রদান, যার মধ্যে ওপিডি ও উন্নত চিকিৎসা
- সমস্ত মহিলাদের জন্য বিনামূল্যে সকল পাবলিক ট্রান্সপোর্টে যাতায়াত
- মিশন আত্মনির্ভর মহিলা - মহিলা স্বনির্ভর গোষ্ঠী গুলির জন্য ₹৫,০০০ কোটি বরাদ্দ
- বালিকা আলো - মেয়েদের অবিচ্ছিন্ন আর্থিক সহায়তা এবং ১৮ বছর বয়সে ₹২ লক্ষ প্রদান
- বিধবা ভাতা প্রতি মাসে ₹১,০০০ থেকে বাড়িয়ে ₹৩,০০০
- রাজ্য পুলিশে ৯টি মহিলা পুলিশ ব্যাটালিয়ন গঠন এবং রাজ্য সশস্ত্র পুলিশ বাহিনীতে ৩টি মহিলা ব্যাটালিয়ন

## এবার কৃষক এবার বিজেপি

- প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধি বাস্তবায়ন হওয়ার ফলে ৭৫ লক্ষ কৃষকদের বার্ষিক আর্থিক সহায়তা বৃদ্ধি হয়ে ₹১০,০০০ হবে
- গত তিন বছরে বাস্তবায়িত না হওয়া প্রধানমন্ত্রী কিষান সম্মান নিধির আওতায় ৭৫ লক্ষ কৃষককে এককালীন ₹১৮,০০০ বকেয়া দেওয়া হবে
- কৃষক সুরক্ষা যোজনা-সকল ভূমিহীন কৃষক এবং ভাগচাষীদের প্রতি বছর ₹৪,০০০ প্রদান
- কৃষকরা তাদের উৎপাদনের সঠিক মূল্য পাবে তা নিশ্চিত করার জন্য ₹৫,০০০ কোটি বরাদ্দ
- ₹২০,০০০ কোটি কৃষক সুরক্ষা কৃষি পরিকাঠামো তহবিল
- স্নাতক অবধি ক্ষুদ্র, প্রান্তিক ও ভূমিহীন কৃষকদের সন্তানদের বিনামূল্যে শিক্ষা প্রদান
- কৃষকদের চাষের জন্য ৮ ঘন্টা অবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা হবে
- জেলে সুরক্ষা যোজনা - প্রতি মৎস্যজীবীদের প্রতি বছরে ₹৬,০০০ প্রদান
- ₹২,০০০ কোটি জেলে সুরক্ষা ফিশিং পরিকাঠামো তহবিল
- ক্ষুদ্র, প্রান্তিক, ভূমিহীন কৃষক এবং জেলেদের জন্য ₹৩ লক্ষ অবধি বিনামূল্যে দুর্ঘটনা বিমা
- পশ্চিমবঙ্গকে দেশের শীর্ষ দুধ উৎপাদক হিসাবে গড়ে তোলার জন্য বাংলা হোয়াইট রেভলিউশনে ₹১,০০০ কোটি বরাদ্দ
- আলু চাষীদের অবস্থার উন্নতি করতে ₹৫০০ কোটি পটেটো ইন্সেন্টিভ প্যাকেজ

## এবার স্বাস্থ্য এবার বিজেপি

- আয়ুষ্মান ভারত প্রকল্প প্রয়োগের মাধ্যমে প্রতিটি পরিবারের জন্য ₹৫ লক্ষ অবধি বিনামূল্যে স্বাস্থ্য পরিষেবা প্রদান
- ৩ টি নতুন অত্যাধুনিক প্রযুক্তি যুক্ত স্বাস্থ্য কেন্দ্র এইমস (AIIMS) তৈরি করা হবে, উত্তরবঙ্গ, জঙ্গলমহল এবং সুন্দরবনে
- ₹১০,০০০ কোটি কাদম্বিনী গাঙ্গুলী স্বাস্থ্য পরিকাঠামোর তহবিল
- ২০২৫ সালের মধ্যে মেডিকেল ও নার্সিং কলেজে আসনের সংখ্যা দ্বিগুণ
- আশা কর্মীদের বর্তমান স্থায়ী মাসিক সাম্মানিক ₹৪,৫০০ থেকে বাড়িয়ে ₹৬,০০০
- ২০২৫ সালের মধ্যে ম্যালেরিয়া এবং ডেঙ্গু নির্মূল

## এবার যুব এবার বিজেপি

- প্রতিটি পরিবারের কমপক্ষে একজন সদস্যকে কর্মসংস্থানের সুযোগ দেওয়া হবে
- শিক্ষিত যুবকদের চাকরির জন্য প্রতিটি ব্লকে নেতাজি বিপিও (BPO) স্থাপন করা হবে
- ১০,০০০ টি স্টার্টআপ বিজনেস বা নতুন বিনিয়োগকারী ব্যবসাতে ভর্তুকিযুক্ত লোন ₹২৫ লক্ষ পর্যন্ত দেওয়া হবে
- ২০ লক্ষ যুবকদের দক্ষতা অর্জনের জন্য প্রতিটি ব্লকে নেতাজি ভোকেশনাল ট্রেনিং সেন্টার স্থাপন করা হবে
- সহজ পাঠ কর্মসূচির আওতায় বিনামূল্যে বই, ব্যাগ, স্কুল ইউনিফর্ম, সাইকেল এবং ডিজিটাল ট্যাবলেট সরবরাহ করা হবে
- বিদ্যালয়ের পরিকাঠামোর উন্নতির জন্য ₹২০,০০০ কোটি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর তহবিল স্থাপন করা হবে
- ₹১০,০০০ কোটি বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় তহবিলের মাধ্যমে ১০০ টি নতুন সরকারি কলেজ এবং ৫০ টি নতুন পলিটেকনিক কলেজ প্রতিষ্ঠা করা হবে
- প্রতিটি ব্লকে কমিউনিটি স্পোর্টস সেন্টার, প্রতিটি মহকুমায় মাল্টি স্পোর্টস স্টেডিয়াম এবং প্রতিটি জেলায় ক্রীড়া প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হবে
- শৈলেন মান্না রাজ্য ক্রীড়া বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হবে

## এবার সুশাসন এবার বিজেপি

- রাজনীতিকরণ মুক্ত রাজ্য প্রশাসন, অপরাধিকরণ মুক্ত রাজনীতি এবং দুর্নীতির প্রাতিষ্ঠানিকীকরণ বন্ধ হবে
- রাজ্যের দ্রুত অর্থনৈতিক বিকাশের সুবিধার্থে সোনার বাংলা আয়োগ গঠিত হবে
- কেন্দ্রীয় সরকারের এস্পিরেশনাল ডিস্ট্রিক্ট প্রোগ্রামের আওতায় এস্পিরেশনাল ব্লকের উন্নতিতে বিশেষ নজর দেওয়া হবে
- মুখ্যমন্ত্রী দপ্তরের অধীনে অ্যান্টি কোরাপশন হেল্পলাইন চালু, যার দ্বারা সিন্ডিকেট তোলাবাজি এবং কাটমানির মোকাবিলা করা হবে
- আম্ফান, বুলবুল ,আইলা এবং ঘূর্ণিঝড় ত্রাণ ক্ষতিপূরণের দুর্নীতির তদন্তের জন্য এসটিএফ গঠন করা হবে
- কয়লা মাফিয়া, বালি মাফিয়া, জলের ট্যাঙ্কার মাফিয়া এবং চাকরি নিয়োগের কেলেঙ্কারির বিরুদ্ধে এসটিএফ গঠন করা হবে
- সাম্প্রদায়িক হিংসা, অবৈধ অস্ত্র, মাদক ব্যবসা, জোর করে জমি রূপান্তর, জাল মুদ্রা এবং গরু পাচারের বিরুদ্ধে এসটিএফ গঠন করা হবে
- পিডিএস, চিট ফান্ড, বিশ্ববাংলা, মেট্রো ডেয়ারি সহ অন্যান্য বড়ো কেলেঙ্কারির তদন্তের জন্য এসআইটি গঠন করা হবে
- রাজনৈতিক হত্যাকাণ্ড তদন্তের জন্য এসআইটি গঠন করা হবে এবং রাজনৈতিক হিংসার শিকার ব্যক্তিদের জন্য ₹২৫ লক্ষ পর্যন্ত পুনর্বাসন দেওয়া হবে
- রাজ্য পুলিশের আধুনিকীকরণের মাধ্যমে সমস্ত থানাকে বিশ্বমানের করে তোলা হবে
- কেন্দ্রীয় সরকার কে সহযোগিতা করতে সীমান্তবর্তী এলাকায় অবৈধ প্রবেশ ও পাচার নির্মূল করতে সময় মতো বর্ডার ফেন্সিং এবং সিসিটিভি নজরদারি নিশ্চিত করা হবে
- আধা সামরিক বাহিনীতে নারায়ণী সেনা ব্যাটালিয়ন স্থাপন করা হবে

## এবার অর্থনৈতিক উন্নয়ন এবার বিজেপি

- সোনার বাংলা অর্থনৈতিক পুনর্জীবনে টাস্কফোর্স গঠন করা হবে
- ইনভেস্ট বাংলা স্থাপন করে বিনিয়োগকারীদের স্বচ্ছ ও সব কিছু সমাধানের জন্য ওয়ান স্টপ সলিউশনের ব্যবস্থা নেওয়া হবে
- সহজতর ব্যবসা করার লক্ষ্যে পশ্চিমবঙ্গকে শীর্ষ তিন নম্বর রাজ্যে নিয়ে আসা লক্ষ্য
- ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা গুলিকে প্রথম পাঁচ বছরের জন্য ₹২ প্রতি ইউনিট বিদ্যুৎ সরবরাহ
- ক্ষুদ্র, অতি ক্ষুদ্র ও মাঝারি ব্যবসা গুলিকে ১০০ শতাংশ ক্রেডিট গ্যারান্টি কভার সহ ₹১০ লক্ষ পর্যন্ত জামানত মুক্ত লোন দেওয়া হবে
- স্টার্ট আপ ব্যবসার জন্য প্রথম পাঁচ বছরে কর মুকুব
- চারটি মেগা ফুড পার্ক, দশটি ছোট ফুড পার্ক, একটি চা পার্ক, দুটি সি ফুড প্রসেসিং পার্ক স্থাপন
- হ্যান্ডলুমের জন্য চারটি বস্ত্র হাব এবং হ্যান্ডিক্রাফটের জন্য ১টি হস্ত শিল্প কেন্দ্র
- ২ টি চামড়া শিল্প উদ্যান, ১টি লৌহ ইস্পাত শিল্প উদ্যান, ১টি জুয়েলারি শিল্প উদ্যান, ১টি ফার্মা পার্ক, ১টি ইলেকট্রনিক্স এবং সেমিকন্ডাক্টর শিল্প উদ্যান এবং ১টি অটো শিল্প পার্ক স্থাপন
- পাট শিল্প পুনর্নির্মাণের জন্য ₹১৫০০ কোটি তহবিল স্থাপন

## এবার পরিকাঠামো এবার বিজেপি

- প্রতিটি পরিবারকে টয়লেট এবং নিকাশীর যথাযথ ব্যবস্থা সহ পাকা ঘর দেওয়া হবে
- প্রতি বাড়িতে ২৪ ঘন্টা বিদ্যুৎ পরিষেবা পৌঁছবে এবং কেবল ২০০ ইউনিট পর্যন্ত ব্যবহারে নিঃশুল্ক বিদ্যুৎ সরবরাহ করা হবে
- গুরুদেব রুরাল অ্যাডভান্সমেন্ট মিশন এর আওতায় গ্রামীণ পরিকাঠামো উন্নয়নের জন্য আগামী ৫ বছরে ₹২ লক্ষ কোটি দেওয়া হবে
- উজ্জ্বল বাংলা মিশন এর আওতায় নগর পরিকাঠামো উন্নয়নের জন্য আগামী ৫ বছরে ₹৩০ হাজার কোটি বরাদ্দ
- ₹১০,০০০ কোটি প্রতি বাড়ি পরিষ্কার জল তহবিলের মাধ্যমে ২৪x৭ পানীয় জল সরবরাহ
- ৬৭৫ কিলোমিটার লম্বা নেতাজি এক্সপ্রেসওয়ে দ্রুত নির্মাণের দ্বারা নতুন অর্থনৈতিক লাইফ লাইন তৈরি হবে
- সড়ক নেটওয়ার্কের জন্য পরবর্তী পাঁচ বছরে ₹১ লক্ষ কোটি বিনিয়োগ
- বাস পরিষেবাগুলি পুনরুদ্ধার করতে পরের পাঁচ বছরে ₹১০,০০০ কোটি এবং বাস টার্মিনাল নির্মাণের জন্য যথাক্রমে ₹৪,৬০০ কোটি বিনিয়োগ
- শিলিগুড়ি এবং কল্যাণীর মতো অন্যান্য নগরগুলিতে মেট্রো চালু করা হবে
- বাগডোগরা বিমানবন্দরকে আন্তর্জাতিক বিমানবন্দরে রূপান্তরিত, উড়ান প্রকল্পে মালদা, বালুরঘাট ও কোচবিহার বিমানবন্দরগুলিকে সচল করা এবং পুরুলিয়াতে নতুন বিমানবন্দর স্থাপন

## এবার সংস্কৃতি এবার বিজেপি

- বিশ্বের প্রতিভাকে সম্মান জানানোর জন্য নোবেল প্রাইজের আদলে টেগোর প্রাইজ এবং অস্কারের আদলে সত্যজিৎ রায় অ্যাওয়ার্ড পুরস্কার
- বাংলাকে ভারতের সাংস্কৃতিক রাজধানী হিসাবে গড়ে তুলতে ₹১১,০০০ কোটি সোনার বাংলা তহবিল স্থাপন
- বাঙালি সংস্কৃতি প্রচারের জন্য সমস্ত রাজ্যের রাজধানী এবং বিদেশের নির্ধারিত কিছু জায়গায় সাংস্কৃতিক উৎকর্ষতা বৃদ্ধির জন্য গুরুদেব সেন্টার ফর কালচারাল এক্সিলেন্স বানানো হবে
- বাংলার উৎকর্ষতা প্রদর্শনের জন্য কলকাতায় একটি বিশ্বমানের সোনার বাংলা মিউজিয়াম তৈরি করা হবে
- মহা ধুমধামে নেতাজির জন্ম বার্ষিকী হিসাবে পরাক্রম দিবস (২৩ শে জানুয়ারি) পালন হবে
- রাজ্য জুড়ে নির্ভয়ে ও বিনা বাধায় সরস্বতী ও দুর্গা পুজা উদযাপন
- গঙ্গাসাগর মেলাকে আন্তর্জাতিক ক্ষেত্রে প্রসার ও প্রচারের লক্ষ্যে ₹২,৫০০ কোটি তহবিল
- পুরোহিত কল্যাণ বোর্ড প্রতিষ্ঠা এবং পুরোহিতদের প্রতি মাসে ₹৩,০০০ সাম্মানিক প্রদান
- চৈতন্য মহাপ্রভু স্পিরিচুয়াল ইনস্টিটিউটের মাধ্যমে চৈতন্য মহাপ্রভুর মতাদর্শ প্রচার
- ৬০ বছরেরও বেশি বয়সের কীর্তনীয়াদের মাসিক ₹৩,০০০ পেনশন দেওয়া হবে
- রাজ্যজুড়ে মন্দির গুলির মেরামত ও সংস্কারের জন্য ₹১০০ কোটির তহবিল
- বিশ্বজুড়ে নেতাজি ও আজাদ হিন্দ ফৌজ এর ঐতিহাসিক যাত্রা প্রদর্শনের জন্য ₹১,০০০ কোটি তহবিল
- তমলুকে তাম্রলিপ্ত জাতীয় মিউজিয়াম প্রতিষ্ঠা
- বাংলাকে রাষ্ট্রপুঞ্জের অন্যতম সরকারী ভাষা হিসাবে স্বীকৃতি দিতে কেন্দ্রীয় সরকারের সাথে সহযোগিতা
- সরকারের সকল দলিল, আদেশ এবং চিঠিপত্রগুলিতে বাংলা ভাষা বাধ্যতামূলক করা হবে
- ঠাকুর পঞ্চানন বর্মার একটি মিউজিয়াম, একটি স্মৃতিসৌধ এবং একটি বিগ্রহ প্রতিমা নির্মাণের জন্য ₹২৫০ কোটি তহবিল স্থাপন
- সোনারপুরে মহানায়ক উত্তম কুমার ফিল্ম সিটি প্রতিষ্ঠা

## এবার পর্যটন এবার বিজেপি

- পর্যটন শিল্পের বিষয়টি সর্বজন গ্রাহ্য সমাধানের জন্য নতুন পর্যটন নীতি প্রবর্তন
- বাংলায় পর্যটন প্রচারের জন্য ₹১,০০০ কোটি বরাদ্দ
- মোট ৯টি পর্যটন সার্কিট বানানো হবে। যেমন- শক্তিপীঠ, চৈতন্য মহাপ্রভু, হিমালয়ের বৌদ্ধ ধর্ম, রাজবংশী, জঙ্গলমহল, সুন্দরবন, রাজবাড়ি, পাহাড়ের রানী এবং কোস্টাল
- পর্যটন সেক্টরে আসা ব্যবসায়ীদের জন্য ₹৫০ লক্ষ অবধি ভর্তুকিযুক্ত লোন, সিঙ্গেল উইন্ডো ছাড়পত্র এবং তিন বছরের জন্য ১০০ শতাংশ কর ছাড়

## এবার সবার বিকাশ এবার বিজেপি

- রাজ্য জুড়ে অন্নপূর্ণা ক্যান্টিন স্থাপন করা হবে যেখানে দিনে তিন বার ₹৫ খাবার পাওয়া যাবে
- পিডিএসকে সার্বজনীন করে সমস্ত নাগরিকদের কাছে পৌঁছে দেওয়া হবে
- যোগ্য পিডিএস সুবিধাভোগীদের জন্য ভর্তুকিযুক্ত রেশন: চাল বা গম প্রতি কেজি ₹১, ডাল প্রতি কেজি ₹৩০, লবণ প্রতি কেজি ₹৩ এবং চিনি প্রতি কেজি ₹৫

- প্রথম মন্ত্রিসভার বৈঠকে নাগরিকত্ব সংশোধন আইন (সিএএ) প্রয়োগ
- মুখ্যমন্ত্রী শরণার্থী কল্যাণ প্রকল্পের মাধ্যমে শরণার্থী পরিবারকে পাঁচ বছরের জন্য ডিবিটির মাধ্যমে ₹১০,০০০ এবং অন্যান্য প্রাথমিক সুযোগ-সুবিধা দেওয়া হবে
- মতুয়া দলপতিদের মাসিক ₹৩,০০০ পেনশন

- কোনও দুর্নীতি বা বৈষম্য ছাড়াই এসসি / এসটি শংসাপত্র প্রদান
- সমস্ত এসটি ব্লকে মনরেগা প্রকল্পের আওতায় ২০০ দিনের কর্মসংস্থান
- ঝাড়গ্রামে পণ্ডিত রঘুনাথ মুর্মু উপজাতি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা
- উপজাতি অধ্যুষিত জেলাগুলির প্রতিটি ব্লকে একটি একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল
- পৌন্ড্রক্ষত্রিয় উন্নয়ন বোর্ড প্রতিষ্ঠা
- মাহিষ্য, তিলি এবং অন্যান্য হিন্দু সম্প্রদায়গুলিকে ওবিসি সংরক্ষণের তালিকায় অন্তর্ভুক্ত
- প্রথম মন্ত্রিসভার বৈঠকে সপ্তম বেতন কমিশন লাগু
- শিক্ষক কল্যাণ বোর্ড প্রতিষ্ঠা
- পার্শ্ব শিক্ষকদের বেতন বাড়বে যথাক্রমে প্রাথমিকে মাসে ১৫,০০০ এবং উচ্চমাধ্যমিকে মাসে ২০,০০০
- স্যার আশুতোষ মুখার্জির নামে ₹১০০০ কোটি তহবিল স্থাপনের মধ্য দিয়ে বিচার ব্যবস্থার পরিকাঠামোর উন্নতি
- অসংগঠিত শ্রমিক কল্যাণ বোর্ড প্রতিষ্ঠা
- তাঁত কল্যাণ বোর্ড প্রতিষ্ঠা
- অসংগঠিত শ্রমিকদের প্রতি মাসে ₹৩,০০০ পেনশন
- রক্ষণাবেক্ষণের জন্য অটো ও ট্যাক্সি ড্রাইভারদের প্রতি বছর ₹৩,০০০ ও ₹৫,০০০ প্রদান
- প্রবীণ নাগরিকদের বর্তমান ₹১,০০০ পেনশন বাড়িয়ে মাসে ₹৩,০০০ করা হবে
- বৃদ্ধাশ্রম গুলির অত্যাধুনিকরণের জন্য ₹৪০০ কোটি তহবিল স্থাপন
- তীর্থ মিত্র যোজনার মাধ্যমে প্রবীণ নাগরিকদের বিনামূল্যে ভ্রমণ এবং অন্যান্য সুযোগ-সুবিধার ব্যবস্থা
- দিব্যাঙ্গের জন্য বর্তমান ₹১,০০০ পেনশন কে বাড়িয়ে ₹৩,০০০ করা হবে

## এবার আঞ্চলিক উন্নয়ন এবার বিজেপি

- উত্তরবঙ্গ উন্নয়ন বোর্ড স্থাপন
- পর্জা পাট্টা অধিকার দেওয়া হবে চা বাগান, সিনচোনা উদ্যান, জঙ্গল লাগোয়া গ্রাম এবং ডিআই তহবিলের জমিতে বসবাসকারী বাসিন্দাদের
- চা বাগান শ্রমিকদের প্রতিদিনের মজুরি বেড়ে ₹৩৫০ হবে
- ১১টি ভারতীয় গোর্খা উপ-উপজাতিদের তফসিল উপজাতি হিসাবে স্বীকৃতি
- দার্জিলিং পাহাড়, শিলিগুড়ি, তরাই এবং ডুয়ার্স অঞ্চলের স্থায়ী রাজনৈতিক সমাধান
- দার্জিলিংয়ে গোর্খা স্বাধীনতা সংগ্রামে উজ্জ্বল যোদ্ধাদের জন্য মিউজিয়াম প্রতিষ্ঠা
- জঙ্গলমহল উন্নয়ন বোর্ড স্থাপন
- সুন্দরবন উন্নয়ন বোর্ড স্থাপন
- আইলা, বুলবুল এবং আমফান ঘূর্ণিঝড়ে বিধ্বস্ত অঞ্চলের উন্নয়নের জন্য ₹৬,৫০০ কোটি বিনিয়োগ

## এবার নতুন কলকাতা এবার বিজেপি

- কলকাতা হবে আর্থিক পরিষেবার প্রধান কেন্দ্র
- প্রতি বাড়িতে ২৪ ঘন্টা বিদ্যুৎ পরিষেবা পৌঁছবে এবং কেবল ২০০ ইউনিট পর্যন্ত ব্যবহারে নিঃশুল্ক বিদ্যুৎ সরবরাহ করা হবে
- কলকাতার প্রতিটি বাড়িতে নিয়মিত অগ্নি নিরীক্ষা হবে
- এসি ও নীচু মেঝেযুক্ত বাসের সংখ্যা বেড়ে ৩,০০০ হবে
- কলকাতাকে এক বিশ্বমানের ভবিষ্যতের শহর বানাতে ₹২২,০০০ কোটি কলকাতা উন্নয়ণ তহবিল তৈরি করা হবে
- পার্কিংয়ের সুবিধার জন্য সমস্ত ভারী যানজট অঞ্চলে ১০টি বহুতল পার্কিং তৈরি করা হবে
- ইউনেস্কো হেরিটেজ সিটির মর্যাদা পাওয়ার জন্য কলকাতায় ₹৫০০ কোটি বিনিয়োগ করা হবে
- বায়ু দূষণ প্রতিরোধে শহরে ১০টি স্মগ টাওয়ার বসানো হবে
- স্বচ্ছ কলকাতা মিশন চালু করতে ₹১,৫০০ কোটি তহবিল তৈরি হবে
- কলকাতার সঙ্গে শহরতলির দ্রুত যোগাযোগ বাড়াতে কলকাতা মেট্রোর সম্প্রসারণ শ্রীরামপুর, ধুলাগড় এবং কল্যাণী পর্যন্ত করা হবে
- কালীঘাটে আদি গঙ্গা নদীর অতীত গৌরব ফেরাতে সমস্ত নর্দমা ও আবর্জনা পরিষ্কার করে পুনর্জীবন দেওয়া হবে

## এবার পরিবেশ এবার বিজেপি

- নমামি গঙ্গে প্রকল্পে বরানগর, বালি এবং হাওড়ার কাজ দ্রুত শেষ হবে
- ঘাটাল, কান্দি এবং উত্তরবঙ্গে বন্যা নিয়ন্ত্রণে ₹৫০০ কোটি ফ্লাড কন্ট্রোল এন্ড ম্যানেজমেন্ট মাস্টার প্ল্যান

বিজেপি

# এবার সোনার বাংলা এবার বিজেপি

বাংলায় আসল পরিবর্তন আনতে এবার বিজেপিকে ভোট দিন